

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ৪, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ২১ বৈশাখ ১৪১৮ বঙ্গাব্দ/৪ মে ২০১১ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১১০-আইন/২০১১/৫৯৩-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ৫ এর উপ-ধারা (১) এর বিধান মোতাবেক ফারজানা অয়েল রিফাইনারীজ লিঃ এর অনুকূলে ৬৯,০০০ (ঊন সত্তর হাজার) মেঃ টন (বিনিয়োগ বোর্ডের স্মারক নং বিঃবোঃ/নিঃওসঃ-২/১১/৮৯, তারিখ ১৯-০১-২০১১ এবং আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা এর স্মারক নং শাখা-৩(৪১)/বিঃ বোঃ(অনুমতি)/০৮-০৯/অংশ-৫৪০/৮৭৬, তারিখ ২৪-০১-২০১১ দ্বারা অনুমোদিত) এবং ভি. ও. টি. টি. অয়েল রিফাইনারীজ লিঃ এর অনুকূলে ১৫,০০০ (পনের হাজার) মেঃ টন (বিনিয়োগ বোর্ড চট্টগ্রাম বিভাগীয় কার্যালয় এর স্মারক নং বিঃ বোঃ/চট্টঃ/ভোঃ তৈলঃ/১৩৮-২/০৮/৮০, তারিখ ২০-০১-২০১১ এবং আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, চট্টগ্রাম এর স্মারক নং নিক/চট্ট/শি-৪/২০১১/৩৭৬, তারিখ ২৩-০১-২০১১ দ্বারা অনুমোদিত) পরিশোধিত পাম তেল আমদানির ক্ষেত্রে শুল্কায়নযোগ্য মূল্যের ৬৬.৬৭% এর সমপরিমাণ মূল্যের উপর ১৫% মূল্য সংযোজন কর নির্ধারণ করিল।

২। এই প্রজ্ঞাপন, জারির তারিখ হইতে আগামী ১৬ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত কার্যকর থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. নাসিরউদ্দীন আহমেদ

সচিব।

মোহাম্মদ জাকীর হোসেন (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

(৩৯৩১)

মূল্য : টাকা ২.০০